

নং-৩৩.০২.০০০০.১২২.১০.০১৯.২১- ২২২

তারিখ: ০৯/১২/২০২১খ্রি.

বিষয়: সাকার ফিশ (Sucker fish) এর বিষয়ে ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

সূত্র: মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ, মৎস্য ভবন, ঢাকা এর নং-৩৩.০২.০০০০.১২২.০১.১৪৭.০৯ (২য় খন্ড), ৭৭, তারিখ: ০৮/১২/২০২১খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সাকার ফিশ (Sucker Mouth Catfish এবং Sailfin Catfish বৈজ্ঞানিক নাম যথাক্রমে *Hypostomus plecostomus* এবং *Pterygoplichthys pardalis*) সাধারণত 'সাকার' বা 'প্লেকো' নামে পরিচিত। এ মাছের প্রজাতিসমূহ বর্তমানে অবৈধভাবে অনুপ্রবেশের ফলে উন্মুক্ত জলাশয়ে ও চাষের পুকুরে পাওয়া যাচ্ছে; যা উদ্বেগজনক। স্বাদু পানির এ মাছটি অ্যালার্জি পরিস্কারক বাহারি মাছ হিসেবে সাধারণত অ্যাকুরিয়ামে ব্যবহার করা হয়। বৈজ্ঞানিক গবেষণা ও জার্নাল এবং অন্যান্য উৎস হতে প্রাপ্ত তথ্য মতে, বিভিন্ন দেশে উন্মুক্ত ও চাষকৃত জলাশয়ে এ মাছটির বংশবৃদ্ধি নিয়ন্ত্রণের বাইরে গিয়ে দেশীয় প্রজাতির মাছের বংশবৃদ্ধি ও প্রজননে ক্ষতি করে, খাদ্য ও বাসস্থানের প্রতিযোগিতা তৈরি হওয়ায় মাছ উৎপাদন ব্যাহত ও চাষে প্রতিবন্ধকতা তৈরি করার পাশাপাশি খাদ্যশৃঙ্খল নষ্ট করে বাত্বসংস্থান ধ্বংস করাসহ জলাশয়ের উৎপাদনশীলতা কমিয়ে দেয়। তাছাড়া দ্রুত বংশবৃদ্ধিতে সক্ষম বলে মাছটি জলাশয়ে ছড়িয়ে পড়লে জলাশয়ের পাড় ধ্বংস, দেশীয় প্রজাতির মাছের ডিম ও রেণু ভক্ষণ এবং জীববৈচিত্র্য ধ্বংস করাসহ নানাবিধ ক্ষতি করে।

এমতাবস্থায়, মাছটি যাতে কোনভাবেই উন্মুক্ত ও বন্ধ জলাশয়ে প্রবেশ করতে না পারে সে ব্যবস্থা গ্রহণ, চাষকৃত ও উন্মুক্ত জলাশয়ে পাওয়া গেলে তা জলাশয়ে ছেড়ে না দিয়ে ধ্বংস করা এবং চাষকৃত জলাশয় শুকিয়ে বা পুরোপুরি পানি সৈচের মাধ্যমে আহরণপূর্বক মাটিচাপা দেয়া কিংবা 'সেফ ডিসপোজাল' এর মাধ্যমে বিনষ্ট করা; তাছাড়া শোভা বর্ধনকারী মাছ হিসেবে বাজারজাতকরণের নিমিত্ত হ্যাচারিতে প্রজনন বা লালন-পালন বন্ধ করা; এ বিষয়ে জেলা-উপজেলাসহ সংশ্লিষ্ট স্থানে লিফলেট ও পোস্টার বিতরণ, প্রিন্ট, ইলেকট্রনিক ও সামাজিক যোগাযোগ মাধ্যমে ব্যাপক প্রচার-প্রচারণার দ্বারা মৎস্যচাষি, মৎস্যজীবী ও মৎস্য ব্যবসায়ীসহ সকলকে উদ্বুদ্ধকরণ ও জনসচেতনতা বৃদ্ধিকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

উপপরিচালক
মৎস্য অধিদপ্তর (সকল)

(ড. মোঃ খালেদ কনক)

উপপরিচালক (মৎস্যচাষ)

ফোনঃ ০২-২২৩৩৮১৫৯২

ই-মেইলঃ ddaqua@fisheries.gov.bd

নং-৩৩.০২.০০০০.১২২.১০.০১৯.২১- ২২২/২(৫০০)

তারিখ: ০৯/১২/২০২১খ্রি.

বিতরণ (সদয় অবগতি ও কার্যার্থে): জ্যেষ্ঠতার ভিত্তিতে প্রণীত নয়

১. অতিরিক্ত মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা ঢাকা।
২. পরিচালক (অভ্যন্তরীণ মৎস্য)/পরিচালক (রিজার্ভ)/ প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (মৎস্য পরিকল্পনা ও জরিপ)/(মৎস্য পরিদর্শন ও মান নিয়ন্ত্রণ), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা/পরিচালক, মৎস্য প্রশিক্ষণ একাডেমী, সাভার, ঢাকা/পরিচালক (সামুদ্রিক), সামুদ্রিক মৎস্য দপ্তর, আগ্রাবাদ, চট্টগ্রাম।
৩. উপপরিচালক (প্রশাসন/অর্থ ও পরিকল্পনা/ চিংড়ি/ফিল্ড সার্ভিস/রিজার্ভ), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা ঢাকা।
৪. প্রিন্সিপাল, মৎস্য ডিপ্লোমা ইন্সটিটিউট, চাঁদপুর/গোপালগঞ্জ/ সিরাজগঞ্জ/ কিশোরগঞ্জ/চাঁদপুর।
৫. প্রকল্প পরিচালক.....।
৬. জেলা মৎস্য কর্মকর্তা (সকল)।
৭. সহকারী পরিচালক (মহাপরিচালকের স্টাফ অফিসার), মৎস্য অধিদপ্তর বাংলাদেশ, মৎস্য ভবন, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮. সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তা (সকল)।
৯. খামার ব্যবস্থাপক/হ্যাচারি কর্মকর্তা (সকল)।

(মুহা: নওশের আলী)

সহকারী পরিচালক (মৎস্যচাষ)

ফোনঃ ০২-২২৩৩৮৭২১৬